

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং UNICEF কর্তৃক যৌথভাবে বাস্তবায়নধীন 'Multiple Indicator Cluster Survey (MICS): Round 7, 2025' কার্যক্রমে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের জন্য (১) তথ্য সংগ্রহকারী ও (২) মেজারার নিযুক্তির নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহীদের নিকট হতে নির্ধারিত ছকে বায়োডাটা/জীবনবৃত্তান্ত আঙ্গান করা হচ্ছে:

তথ্যসংগ্রহকারীদের যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. প্রার্থীকে ন্যূনতম HSC পাশ হতে হবে।
২. আগ্রহী প্রার্থীদের বয়স ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে এবং মাঠ পর্যায়ে কাজ করার মতো শারীরিক যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী হতে হবে।
৩. এ পদে কেবলমাত্র নারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৪. বিবিএস কর্তৃক পরিচালিত MICS, HMSS, VAW, HIES, SVRS, LFS ইত্যাদি এবং অন্যান্য যেকোন এক বা একাধিক জরিপে মাঠ পর্যায়ে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ইতোপূর্বে MICS: Round 6 অথবা MICS: Round 5 অথবা VAW এ কাজের অভিজ্ঞতা সম্পন্নগণকে অগ্রাধিকার দেয়া হবে এবং তাদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা শিথিলযোগ্য।
৫. প্রার্থীকে Smart Phone এবং Tab ব্যবহারের দক্ষতা থাকতে হবে।

মেজারাদের যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. প্রার্থীকে ন্যূনতম HSC পাশ হতে হবে।
২. আগ্রহী প্রার্থীদের বয়স ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে এবং মাঠ পর্যায়ে কাজ করার মতো শারীরিক যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী হতে হবে।
৩. এ পদে কেবলমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন এবং প্রার্থীকে ১৫ কেজি ওজন বহনের শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে।
৪. বিবিএস এর পূর্ববর্তী MICS ও HIES সার্ভেতে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। MICS6 ও MICS5 এ কাজ করার অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।


শর্তাবলী:

১. তথ্য সংগ্রহকারী/মেজারারকে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের দায়িত্ব পালনের জন্য নিযুক্ত করা হবে। এটা কোন চাকরিতে নিয়োগ নহে।
২. নিয়োজিতদেরকে প্রাথমিকভাবে আগামী জানুয়ারি, ২০২৫ এ এক (০১) মাসের আবাসিক প্রশিক্ষণে (ঢাকার বাহিরে) অংশগ্রহণ করতে হবে এবং উক্ত প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করতে হবে। প্রয়োজনে কাজ চলাকালীনও রিফ্রেশার প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে।
৩. নিয়োজিতদেরকে বাংলাদেশের যেকোনো জেলায় (নিজ জেলা ব্যতিত) আগামী ফেব্রুয়ারি, ২০২৫ হতে জুন, ২০২৫ মাস পর্যন্ত মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজে নিরবচ্ছিন্নভাবে নিয়োজিত থাকতে হবে। ঐ সময়ে শুল্কবার এবং সরকারি ছুটি ব্যতীত অন্য কোন ছুটি ভোগের সুযোগ থাকবে না।
৪. সন্তোষজনক কর্মসম্পাদনের পরে তথ্য সংগ্রহকারী/মেজারাদেরকে মাসিক ভিত্তিতে নির্ধারিত পারিশ্রমিক প্রদান করা হবে। যেহেতু এটা কোন চাকরিতে নিয়োগ নহে সেহেতু উক্ত পারিশ্রমিক কোনো মতেই বেতন বলে গণ্য হবে না।
৫. প্রার্থীর পারফরমেন্স যথাযথ/সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন তথ্য সংগ্রহকারী/মেজারারকে তার দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হবে।
৬. উপযুক্ত প্রার্থী বাছাই এবং পরবর্তীতে প্রার্থীদের সাথে যোগাযোগের স্বার্থে Whatsapp সম্বলিত নিজস্ব মোবাইল ফোন নম্বর থাকতে হবে।

Signature

বায়োডাটা দাখিলের পদ্ধতি ও সময়সীমা:

১. আগামী ২৬ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে নির্ধারিত ছক পূরণপূর্বক বায়োডাটা micsbbs7@gmail.com ইমেইলে আইডি অথবা পরিসংখ্যান ভবনের ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং-এ রক্ষিত নির্ধারিত ব্যাল্সে জমা প্রদান করতে হবে।
২. প্রার্থীর স্বহস্তে পূরণকৃত নির্ধারিত Biodata Form এর নিচের অংশে অঙ্গীকারনামা স্বাক্ষর করে দিতে হবে।


মো: এমদাদুল হক
পরিচালক

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা

Multiple Indicator Cluster Survey (MICS7)

পিপি সাইজ রঙিন ছবি

বায়োডাটা

প্রার্থীত কাজের নাম: যেকোন ১টি (টিক দিন)

তথ্য সংগ্রহকারী

মেজরার

নাম :

মাতার নাম :

পিতার নাম :

বর্তমান ঠিকানা :

স্থায়ী ঠিকানা :

নিজ জেলা :

কাজ করতে চান :

এমন অগ্রাধিকারে

৫টি জেলার নাম

(নিজ জেলা ব্যতীত)

১	২	৩	৪	৫

শিক্ষাগত যোগ্যতা :

মোবাইল ফোন নম্বর :

(হোয়াটসএ্যাপ

সম্বলিত)

বিবিএস এর জরিপে :

করার অভিজ্ঞতা

কাজ করেছেন (টিক

দিন)

MICS		VAW		HIES		SVRS	LFS	অন্যান্য সার্ভের নাম লিখুন
১বার	একাধিক বার	১বার	একাধিক বার	১বার	একাধিক বার			

অঙ্গীকারনামা

আমি স্বেচ্ছায় ও স্বজ্ঞানে এ মর্মে অঙ্গীকার করছি যে, আমাকে প্রার্থীত দায়িত্ব প্রদান করা হলে আমি বিবিএস কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শর্তাবলী মেনে সততা ও নিষ্ঠার সাথে এ দায়িত্ব পালন করবো। আমার কোনরূপ অপারগতায় আমাকে কর্ম হতে বহিষ্কার করা হলে আমার কোন আপত্তি থাকবে না। প্রশিক্ষণ শেষে কাজে যোগদান না করলে প্রশিক্ষণ ভাতার টাকা দাবি করবো না এবং কাজ সমাপ্ত হবার পূর্বে কাজ ত্যাগ করলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ক্ষতিপূরণ পরিশোধ করতে বাধ্য থাকবো।

স্বাক্ষর ও তারিখ:

নাম:

৫/৩